দৈনিক ইনকিলাব 080

তারিখ 07 SEP 1986
পৃষ্ঠা ... ৮ ...

## উপজেলা পরিক্রমা

# কোট চাঁদপুর

॥ রেজাউল হক ॥

ঝিনাইদহ জেলার অন্যতম উপজেলা কোট চাঁদপুর। এ উপজেলার আয়তন ৪,৬৩১ বর্গ মাইল। লোকসংখ্যা ৯৩৩৫৭ জন। পুরুষ ৪,৭৮০০ জন ও মহিলা ৪,৫৫৭০ জন। পরিবার সংখ্যা ১৪,৪৭৮টি। মোট জমির পরিমাণ ৪২,২৪০ একর। আবাদি জমি ৩৩,৬০২ একর। গ্রাম ৯২টি, ইউনিয়ন ৫টি ও ১টি পৌরসভা এবং ৩টি হাসপাতাল। পাকা রাস্তা ২৫ মাইল, কাঁচা রাস্তা ৩শ' ৫০ মাইল।

**যোগাযোগ ব্যবস্থা**

কোট চাঁদপুর উপজেলার যোগাযোগ ব্যবস্থা অত্যন্ত অনুন্নত। এ উপজেলার সাথে গ্রাম অঞ্চলের যোগাযোগ ব্যবস্থা খুব খারাপ। এ ছাড়া উপজেলা মহেশপুরের সাথে এ উপজেলার একমাত্র সংযোগ ব্রীজটি'র অবস্থা করুণ। কপোতাক্ষ নদীর উপর আগে কাঠের ব্রীজ ছিল। সেটাও আজ ৪/৫ বছর ভেঙ্গে গেছে। বর্তমানে বাঁশের খাঁচা দিয়ে তৈরী সাঁকোর উপর দিয়ে সর্বদা ভয়-ভীতির সাথে চলাচল করতে হচ্ছে। গত বছর ফেব্রুয়ারী মাসে মহামান্য রাষ্ট্রপতি ব্রীজটির করুণ দৃশ্য দেখে ৪০ লাখ টাকা বরাদ্দ করেন। কিন্তু এ পর্যন্ত কাজ শুরু হয়নি। অপরদিকে জামালপুর চিত্রা নদীর উপর একটি ব্রীজ না থাকায় ঝিনেদা জেলার সাথে কোট চাঁদপুর উপজেলাবাসী যোগাযোগ থেকে বিচ্ছিন্ন হয়ে পড়েছে।

**শিক্ষা ব্যবস্থা**

কোট চাঁদপুর উপজেলায় ১টি সরকারী ডিগ্রী কলেজ, ১টি সিনিয়র মাদ্রাসা, ১টি পাইলট উচ্চ বালিকা বিদ্যালয়সহ ৭টি বেসরকারী উচ্চ বালক বিদ্যালয়, ৩৪টি সরকারী প্রাথমিক বিদ্যালয়, ৪টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়, ১টি মাত্র দাখেলী মাদ্রাসা জালালপুর এবং ৭টি ফোরকানিয়া মাদ্রাসাসহ ১শ' ১০টি জামে মসজিদ আছে। অধিকাংশ প্রাথমিক বিদ্যালয়গুলোতে শিক্ষক স্বল্পতাহেতু লেখাপড়া দারুণভাবে ব্যহত হচ্ছে।

একটি মাত্র দাখেলী মাদ্রাসা জালালপুর বিভিন্ন সমস্যার সম্মুখীন। ছাত্র-শিক্ষকের তুলনায় প্রয়োজনীয় চেয়ার-বেঞ্চ-টেবিল নেই।

**হাট-বাজার**

এ উপজেলায় ৬টি হাট-বাজার আছে। কোট চাঁদপুরসহ জালালপুর, তালসার, কুল্লাগাছা, সাবদারপুর ও দোড়া। এগুলোতে সপ্তায় দু'দিন হাট বসে। কোট চাঁদপুরে সপ্তায় একদিন গো-হাট বসে। এ সব হাট-বাজারগুলোতে ঠিকাদার কর্তৃক ক্রেতা-বিক্রেতাগণ চরম জুলুমের শিকার হচ্ছে।

**চিকিৎসা ব্যবস্থা**

কোট চাঁদপুর উপজেলায় ৩টি হাসপাতাল আছে। হাসপাতালগুলোতে ওষুধের স্বল্পতা লক্ষ্য করা যায়। হাসপাতালগুলোতে পরিষ্কার পরিচ্ছন্নতার অভাব দেখা যায়। কোট চাঁদপুর সদর ছাড়া অপর দু'টি তালসার ও দোড়ায় প্রয়োজনমত ওষুধ দেয়া হয় না। একটি মাত্র পশু চিকিৎসালয়, সেখানেও এই একই সমস্যা বিরাজ করছে।